



রমজানে স্কুল বন্ধ রাখার হাইকোর্টের আদেশ স্থগিত



সংগৃহীত ছবি

রমজান মাসে নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক স্কুল বন্ধ রাখার হাইকোর্টের আদেশ আপিল বিভাগের চেম্বার আদালত স্থগিত করেছেন। সোমবার (১৬ ফেব্রুয়ারি) আপিল বিভাগের চেম্বার বিচারপতি ফারাহ মাহবুব এই স্থগিতাদেশ দেন।

এর আগে, গত রোববার (১৪ ফেব্রুয়ারি) হাইকোর্টের বেঞ্চ—বিচারপতি ফাহিমদা কাদের ও বিচারপতি মো. আসিফ হাসান—সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক স্কুল রোজায় বন্ধ রাখার নির্দেশ দিয়েছিলেন।

এই নির্দেশনার আগে রমজান মাসে স্কুল বন্ধ রাখার বিষয়টি নিয়ে হাইকোর্টে রিট দায়ের করেছিলেন সুপ্রিম কোর্টের আইনজীবী মো. ইলিয়াছ আলী মন্ডল।

LENS ASIA